

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

Tel: 9144252-3, Fax : 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২২.০৯০.১৮-১৫৬

তারিখঃ ১১/১০/২০১৮ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ অবকাঠামো উন্নয়নমূলক কাজের প্রিওয়ার্ক মেজারমেন্ট গ্রহণের সময় প্রকল্প স্থানের ভিডিও ও বিভিন্ন এ্যাঞ্জেলের স্থির চিত্র এবং বাস্তবায়নের পর পোস্ট ওয়ার্ক মেজারমেন্টের সময় উক্ত স্থানের ভিডিও ও একই এ্যাঞ্জেলে স্থির চিত্র ধারণ করে সংশ্লিষ্ট প্রকল্প নথিতে সংরক্ষণপূর্বক চূড়ান্ত বিল পরিশোধ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে দুর্নীতি দমন কমিশনের ০৮/০৩/২০১৮ তারিখের ৭৯৯০ সংখ্যক পত্রের অগ্রায়নকারী মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৫২১.৩৫.০৮৯.১৭-২০৫; তারিখঃ ১০/০৪/২০১৮ খ্রিঃ সংযুক্ত করা হ'ল।

০২। ক্রয় কাজ বাস্তবায়নে স্বচ্ছতার নির্দেশক হিসেবে কার্য (Works) (রাস্তা/ভবন নির্মাণ, সংস্কার, মেরামত ইত্যাদি) শুরুর পূর্বকার অবস্থার চিত্র এবং কার্য বাস্তবায়নের পরের চিত্রের দালিলিক সংরক্ষণ যথেষ্ট গুরুত্ব বহন করে। নিরীক্ষা, অনুসন্ধান এবং বিশেষ কোন তদন্তের ক্ষেত্রে এ ধরনের চিত্র গুরুত্বপূর্ণ সূত্র হিসেবে ভূমিকা রাখে।

০৩। উল্লেখ্য, সরকার প্রণীত আদর্শ দরপত্র দলিলে সন্নিবেশিত চুক্তির সাধারণ ও বিশেষ শর্তাবলীতে ক্রয় কাজ বাস্তবায়নে কাজের মান, সময়সীমা, স্বচ্ছতা ও দালিলিকরণে বিশেষ নির্দেশনা দেয়া আছে।

০৪। উপর্যুক্ত প্রেক্ষাপটে ক্রয়কার্য বাস্তবায়নে স্বচ্ছতা এবং বাস্তবায়িত কাজের সুষ্ঠু দালিলিকরণ (Documentation) নিশ্চিতকল্পে অবকাঠামো উন্নয়নমূলক কাজের প্রিওয়ার্ক মেজারমেন্ট গ্রহণের সময় প্রকল্প স্থানের ভিডিও ও বিভিন্ন এ্যাঞ্জেলের স্থির চিত্র এবং বাস্তবায়নের পর পোস্ট ওয়ার্ক মেজারমেন্টের সময় উক্ত স্থানের ভিডিও ও একই এ্যাঞ্জেলে স্থির চিত্র ধারণ করে ঠিকাদারকে বিল দাখিলের বিষয়টি, আবশ্যিকীয় ক্ষেত্রে, কার্য ক্রয় চুক্তির বিশেষ শর্তের (Particular Conditions of Contract) (PCC) Payment Clause-এ বিল পরিশোধের শর্ত হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

স্বাক্ষরিত/ -
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯১৪৪২৫২-৩

নং-২১.০০.০০০০.৩৬৩.২২.০৯০.১৮-১৫৬


তারিখঃ ১১/১০/২০১৮ খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি নীতি অধিশাখা'র অনু: ১ এ উল্লিখিত পত্রের অনুবৃত্তিক্রমে এ পরিপত্র জারী করা হ'ল)।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা।
৬. সদস্য, পরিকল্পনা কমিশন,শের-ই-বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

১. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী)
.....।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।


৩১/১০/১৬
(মোসাম মোসুমা হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩